গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৫.০০৪.১৮- ৩২৬ তারিখ: ১১.১০.২০১৮খ্রি:

বিষয়: সহকারী জজ আদালত, কুড়িগ্রাম এর দেওয়ানী মোকদ্দমা নং-১৩৯/২০১৭ অন্য এর ০৮.০৭.২০১৮খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে আপীল দায়ের সহ সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (১) জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম এর স্মারক নং-জেশিঅ/কুড়ি/২০১৮/১৩৩৯ তারিখ: ২৪/০৯/২০১৮ খ্রি:
(২) সহকারী জজ আদালতের বর্ণিত মামলার রায় তারিখ: ০৮/০৭/২০১৮খ্রি:
(৩) মামলা সংক্রান্ত তথ্য ফর্ম তারিখ: ০১/১০/২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন চর সিতাইঝাড় ছোবহানিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক নিয়োগ অনুমোদনক্রমে জনাব রহিমা বেগম ১২.০৪.২০১৫ খ্রি. তারিখে সহকারী মৌলভী পদে উক্ত মাদ্রাসায় যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন মর্মে সূত্রোক্ত ০১ নং স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. সহকারী মৌলভী পদে যোগদানের পর এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন করা হলে উপ-পরিচালক, রংপুর অঞ্চল, রংপুর কর্তৃক এমপিওর আবেদন বাতিল করা হয়। বাতিলের কারণ হিসেবে উল্লেখ করা হয় যে, স্টাফিং প্যাটার্ন অনুযায়ী শূন্য পদ নেই।

০৩. এমপিওভুক্তির আবেদন বাতিল হওয়ায় জনাব রহিমা বেগম কর্তৃক বিজ্ঞ সহকারী জজ আদালত, কুড়িগ্রামে একটি দেওয়ানী মোকদ্দমা দায়ের করা হয়, যার নং-১৩৯/২০১৭ অন্য। উক্ত মামলায় ০৮.০৭.২০১৮ খ্রি. তারিখে নিম্নরুপ রায় ও ডিক্রি প্রদান করা হয়:

''বাদীনি মোছা: রহিমা বেগমকে চর সিতাইঝাড় ছোবহানিয়া দাখিল মাদ্রাসার এমপিওভুক্ত সহকারী মৌলভী হিসেবে ঘোষণা করা হলো। এবং বাদীনি রহিমা বেগমকে ১২.০৪.২০১৫ খ্রি. তারিখ হতে বকেয়া বেতন প্রদানের জন্য বিবাদীগণকে নির্দেশ প্রদান করা হলো।''

০৪. উল্লেখ্য যে, বর্ণিত মামলায় বাদীনি কর্তৃক মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং উপ-পরিচালক, রংপুর অঞ্চলসহ ০৭ জনকে প্রতিপক্ষ করা হয়।

০৫. সূত্রে বর্ণিত ০৩ নং স্মারকের মর্মমতে জেলা জজ আদালত, কুড়িগ্রাম কর্তৃক জানানো হয় যে, উক্ত মামলার রায়ের বিরুদ্ধে অদ্যাবধি কোন আপিল দায়ের হয়নি।

০৬. যেহেতু উপরিউক্ত মোকদ্দমার বাদিনী জনাব রহিমা বেগম বর্ণিত মাদ্রাসায় সহকারী মৌলভী পদে প্যাটার্ন অতিরিক্ত হিসেবে নিয়োগ গ্রহণ করেছেন সেহেতু নিয়োগটি বিধি সম্মত নয় মর্মে প্রতীয়মান হয়। এ কারণে নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ আদালতে এ বিষয়ে আপীল দায়ের আবশ্যক।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত বর্ণনার আলোকে সহকারী জজ আদালত, কুড়িগ্রাম এর দেওয়ানী মোকদ্দমা নং-১৩৯/২০১৭ অন্য এর ০৮.০৭.২০১৮খ্রি. তারিখের বিরুদ্ধে আপীল দায়ের সহ সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে মামলার আরজি ও রায়ের কপি-১৭ ফর্দ।

11.10.18
নাজনীন সুলতানা
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা

বিজ্ঞ জিপি
জেলা ও দায়রা জজ আদালত
কুড়িগ্রাম।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
০২. আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর। [বর্ণিত মোকদ্দমার বিষয়ে আপীল করার অনুরোধ সহ]
০৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম। [বর্ণিত মোকদ্দমার বিষয়ে আপীল করার অনুরোধ সহ]
০৪. সুপার, চর সিতাইঝাড় ছোবহানিয়া দাখিল মাদ্রাসা। ডাক: মোগলবাসা, উপজেলা: কুড়িগ্রাম সদর, জেলা: কুড়িগ্রাম।
০৫. অফিস কপি।